167

আজকের কাগজ

তারিখ ... 06 SEP 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ... ৮....

# কুমিল্লা বোর্ডে এসএসসি উত্তীর্ণ ৩ হাজার ছাত্র-ছাত্রীর ফলাফল বাতিল

নিউজ মিডিয়া (কুমিল্লা) ঃ চলতি বছর এসএসসি পাস করা ৩ হাজার ছাত্র-ছাত্রীর ফলাফল কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ বাতিল করে দিয়েছে।

উল্লেখ্য, ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ভুয়া রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪ হাজারেরও বেশি। এদের মধ্যে পাস করেছে ৩ হাজারেরও বেশি ছাত্র-ছাত্রী। পাস করা ছাত্র-ছাত্রিদের মধ্যে স্টার মার্ক পর্যন্ত রয়েছে। বোর্ড কর্তৃপক্ষ অবৈধভাবে ভুয়া রেজিস্ট্রেশনের অপরাধে পাস করা ছাত্র-ছাত্রিদের ফলাফল বাতিল করে দিয়ে অভিভাবকমন্ডলীকে চিঠি পাঠিয়েছে। ফলে ৩ হাজার এসএসসি পাস ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চয়তার মধ্যে পতিত হয়েছে।